ভোরের কাগজের প্রকাশক, সম্পাদকসহ ৫ সাংবাদিকের বিরুদ্ধে মিথ্যা মামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

দেশের অন্যতম শীর্ষ জাতীয় দৈনিক ভোরের কাগজে মাদক কারবারির তথ্যভিত্তিক সংবাদ প্রকাশের জেরে পত্রিকার প্রকাশক সাবের হোসেন চৌধুরী এমপি, সম্পাদক শ্যামল দত্ত, বার্তা সম্পাদক ইখতিয়ার উদ্দিন, সিনিয়র রিপোর্টার মুহম্মদ রুহুল আমিন ও কুমিল্লার ভোরের কাগজ প্রতিবেদক এম ফিরোজ মিয়ার বিরুদ্ধে কুমিল্লার জজ আদালতে দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মেহেরপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১১ টায় মেহেরপুর সাংবাদিক সমাজের আয়োজনে শহরের কাসারিপাড়াস্থ প্রধান সড়কে অবস্থিত মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তব্য দেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক ও ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দু, দৈনিক সংবাদ প্রতিনিধি রফিকুল আলম, প্রথম আলো প্রতিনিধি আবু সাইদ, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মাছরাঙা টেলিভিশনের প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সময়ের আলো পত্রিকার প্রতিনিধি তৌহিদ দোলা রেজা, সাংবাদিক মোজাহিদ মুন্না, জবাবদিহি পত্রিকার প্রতিনিধি এ সিদ্দিকী শাহিন, ভোরের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক, মুজিবনগর প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের যুগ্ম সম্পাদক বাংলা টিভি ও ঢাকা পোস্টের মেহেরপুর প্রতিনিধি আক্তারুজ্জামান এর সঞ্চালনায় মানববন্ধনে বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২০১৮ সালের ৯ জানুযারি দেশের শীর্ষ স্থানীয় মাদক কারবারিদের একটি তালিকা প্রকাশ করা হয়। ওই তালিকায় কুমিল্লা সিটি করপোরেশনের মেয়র প্রার্থী আরফানুল হক রিফাতের নাম শীর্ষে রয়েছে। কুমিল্লার কাগজ

মেহেরপুরে আড়ম্বর পরিবেশে চ্যানেল টোয়েন্টিফোরের ১০ম বর্ষ পূর্তি পালন

কেক কেটে ও আলোচনা সভার মধ্য দিয়ে দেশের জনপ্রিয় স্যাটেলাইট টেলিভিশন “চ্যানেল টোয়েন্টিফোরে”র ১০ম বর্ষপূর্তি পালিত হয়েছে। আজ মঙ্গলবার (২৪ মে) সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে আড়ম্বর পরিবেশে চ্যানেলটির ১০ম বর্ষপূর্তি পালন করা হয়।
চ্যানেল টোয়েন্টিফোরের মেহেরপুর জেলা স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান রাশেদের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর(পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য্য, জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, মেহেরপুর জেলা আওয়াইনজীবি সমিতির সভাপতি মারুফ আহম্মেদ বিজন, সাবেক সভাপতি অ্যাডভোকেট শফিকুল আলম, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চাঁদু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু ও উপদেষ্টা তুহিন অরন্যসহ আরো অনেকে।
মেহেরপুর প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিকের সঞ্চালনায় এছাড়া অন্যান্যদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সভাপতি প্রিন্স প্রমুখ।
চ্যানেল টোয়েন্টিফোরের ১০ম বর্ষ পূর্তিতে বিভিন্ন শ্রেনী পেশার মানুষ শুভেচ্ছা জানান এবং চ্যানেলটির শুভকামনা করেন।

সংগ্রামী রিয়াকে মার্সেলে চাকরির প্রস্তাব

দেশের শীর্ষ বেসরকারী টিভি চ্যানেল “এনটিভি”তে প্রচারিত দেশের একমাত্র কমেডি রিয়েলিটি শো ‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের গ্র্যাণ্ড ফিনালেতে সপ্তম স্থানে সুযোগ করে নিলেন মেহেরপুরের মেয়ে সাদিয়া আক্তার রিয়া।

চ্যাম্পিয়ন হতে না পারলেও যাঁর পারফরম্যান্সে মুগ্ধ হয়েছেন বিচারকেরা। বিশেষ করে তাঁর সংগ্রামী জীবনের গল্প মন ছুঁয়েছে উপস্থিত সবার। রিয়াকে আসরের সপ্তম ঘোষণা দেওয়ার পাশাপাশি দেশের শীর্ষ স্থানীয় কোম্পানী মার্সেলের পক্ষ থেকে তাকে বিশেষ পুরস্কার দেওয়ার পাশাপাশি দেওয়া হয় চাকরির প্রস্তাব।

কমেডি রিয়েলিটি শো ‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের গ্র্যান্ড ফিনালেতে ৬ জনকে নির্বাচিত করলেও জীবন যুদ্ধে হার না মানা রিয়ার জীবন কাহিনী হৃদয় স্পর্শ করেছে বিচারকদের। তাই বিচারকরা বিশেষ বিবেচনায় গ্রান্ড ফিনালেতে সপ্তম স্থান দেন রিয়াকে।
অডিশন থেকে চূড়ান্ত পর্ব প্রায় আট মাসের দীর্ঘ অপেক্ষার পর কমেডি রিয়েলিটি শো ‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের গ্র্যান্ড ফিনালে।

গত শুক্রবার রাতে আয়োজিত সেই জমকালো গ্র্যান্ড ফিনালেতে ঘোষণা করা হয়েছে ‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের চ্যাম্পিয়নের নাম। এবারের আসরে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছেন কিশোরগঞ্জের শফিউল আজম রবিন।

প্রথম ও দ্বিতীয় রানার আপ হয়েছেন মৌলভীবাজারের পার্থ দেব ও চট্টগ্রামের শাশ্বতী। এ মৌসুমে বিশেষ পুরস্কার পেয়েছেন মেহেরপুর জেলার প্রতিযোগী সাদিয়া আক্তার রিয়া। প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেন এনটিভির পরিচালক আলহাজ্ব নূরউদ্দিন আহমেদ, মার্সেলের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মো. হুমায়ুন কবির। এসময় দুই প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের নিয়মিত বিচারক ছিলেন চিত্রনায়ক আমিন খান ও চিত্রনায়িকা তমা মির্জা। গ্র্যান্ড ফিনালের

অতিথি বিচারক চিত্রনায়ক সিয়াম আহমেদ ও চিত্রনায়িকা শবনম বুবলী। গ্র্যান্ড বিচারক কথাসাহিত্যিক-সাংবাদিক ইমদাদুল হক মিলন ও রম্য সাহিত্যিক ও কার্টুনিস্ট আহসান হাবীব। উপস্থাপনা করেছেন জনপ্রিয় স্ট্যান্ডআপ কমেডিয়ান আবু হেনা রনি।

মেহেরপুর প্রতিদিনের” অভ্যন্তরিন নিরীক্ষা ও অফিস পরিদর্শন করলেন

জেলার একমাত্র সরকারি মিডিয়া তালিকাভূক্ত দৈনিক “মেহেরপুর প্রতিদিনের” অভ্যন্তরিন নিরীক্ষা ও অফিস পরিদর্শন করেন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (বিজ্ঞাপনও নিরীক্ষা) রোকসানা আক্তারের নেতৃত্বে একটি টিম।
আজ শুক্রবার (২০ মে) দিনব্যাপি মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে এসে বিভিন্ন খাতাপত্র নিরীক্ষা ও অফিস পরিদর্শন করেন তারা।
এসময় উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) তৌফিকুল ইসলাম, ইন্সপেক্টর অ, ফ, ম মঈনুল ইসলাম ও অফিস সহকারী আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন।
এদিকে অফিসে পৌছালে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু তাদের ফুলেল শুভেচ্ছা জানান। এসময় বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, প্রতিবেদক সিরাজুদ্দোজা পাভেল, এস এ সাদিক, সাকিব হাসান রুদ্র ও অফিস সহকারী আসিফ ইকবাল শুভ উপস্থিত ছিলেন।
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (বিজ্ঞাপনও নিরীক্ষা) রোকসানা আক্তার অফিস পরিদর্শনের সময় অফিস ব্যবস্থাপনা ও খাতা পত্র দেখে সন্তোষ প্রকাশ করেন। তিনি মেহেরপুর প্রতিদিনের সার্বিক মঙ্গল ও সফলতা কামনা করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সভায় বর্তমান রাজনৈতিক পরিস্থিতি, পৌর ও ইউনিয়ন পরিষদের নির্বাচনে সাংবাদিকদের ভূমিকা কি হবে। কিভাবে সঠিক সংবাদ তুলে ধরতে হবে এবং ক্লাবের মানোউন্নয়নে নানা বিষয় নিয়ে আলোচনা করা হয়।

গাংনীতে সাংবাদিক পিতার ইন্তেকাল

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও এশিয়ান টিভির গাংনী উপজেলা প্রতিনিধি নুরুজ্জামান পাভেলের পিতা বিচার উদ্দীন মারা গেছেন। ইন্না লিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল প্রায় শত বর্ষ।

তার নিজ বাড়ি গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামে আজ সকাল সাড়ে ৯ টার সময় মারা যান তিনি।

সাংবাদিক পাভেল জানান, দীর্ঘদিন যাবৎ তিনি বার্ধক্যজনিত কারণে বিভিন্ন রোগে ভুগছিলেন। বাড়িতে রেখেই চলছিল তার চিকিৎসা সেবা।

আজ রোববার (১৫ মে) বেলা ২ টার সময় নামাজে জানাযা শেষে বাদিয়াপাড়া গ্রামে পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন হবে। এদিকে সাংবাদিক পাভেলের পিতার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন গাংনী উপজেলায় কর্মরত বিভিন্ন মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

দাদাগিরি’তে সাংবাদিক

[redacted]

[redacted], [redacted] [redacted] [redacted]

ডিজিটাল নিরাপত্তা আইনের মামলা থেকে অব্যাহতি পেলেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক, প্রকাশক ও রিপোর্টার

মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের ভাগ্নের দায়ের করা ডিজিটাল নিরাপত্তা আইনের মামলা থেকে অব্যাহতি পেলেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন ও সাবেক রিপোর্টার আল আমিন।

বুধবার দুপুরে খুলনা বিভাগীয় সাইবার অপরাধ ট্রাইব্যুনালের বিচারক কনিকা বিশ্বাস ডিসচার্জের আদেশ দেন।

জানা গেছে, ২০২০ সালের ১১ মে মেহেরপুর প্রতিদিন পত্রিকায় ‘গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড; ২৬ বছর দখলে রেখেছেন পরের বাড়ি’ শিরোনামে সংবাদ প্রকাশিত হলে পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন ও রিপোর্টার আল আমিনকে আসামি করে গাংনী থানায় দুই দিন পর ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করেন এমপি মকবুল হোসেনের ভাগ্নে সবুজ হোসেন।
মামলায় আসামিরা মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালত থেকে জামিন নেন। পরবর্তিতে পুলিশ অভিযোগ দাখিল করলে মামলাটি ঢাকার সাইবার অপরাধ ট্রাইব্যুনালে হস্তান্তর হয়। পরে বিভাগীয় পর্যায়ে সাইবার অপরাধ ট্রাইব্যুনাল আদালত গঠন করা হলে মামলাটি খুলনা বিভাগীয় সাইবার অপরাধ ট্রাইব্যুনালে পাঠানো হয়। ওই আদালত থেকেও আসামিরা জামিন নেন। গতকাল বুধবার ২৩ ফেব্রুয়ারি মামলা চার্জ গঠনের শুনানী শেষে বিজ্ঞ বিচারক উভয় পক্ষের আইনজীবীদের যুক্তিতর্ক শোনেন এবং পর্যবেক্ষণ করে মামলাটি ডিসচার্জের আদেশ দেন।

রাষ্ট্রপক্ষের আইনজীবীর দায়িত্ব পালন করেন সাইবার অপরাধ ট্রাইব্যুনালের স্পেশাল পাবলিক প্রসিকিউটর এম এম সাজ্জাদ আলী এবং আসামি পক্ষে আইনজীবীর দায়িত্ব পালন করেন মিঠু চন্দ্র সাধক।

আসামিপক্ষের আইনজীবী মিঠু চন্দ্র সাধক বলেন, আসামিরা একটি পত্রিকার সম্পাদক, প্রকাশক ও সাংবাদিক। সমাজের অন্যায়, দুর্নীতি

তুলে ধরায় সাংবাদিকের কাজ। সে অধিকার সাংবাদিকদেও রয়েছে। স্বাধীন সংবাদ মাধ্যমের কণ্ঠরোধ করার জন্য হয়রানীমূলক এ মামলা দায়ের করা হয়েছিলো। এ ধারা চলতে থাকলে সমাজে অন্যায়, দুর্নীতির প্রবণতা বেড়ে যাবে। বাড়ির মালিক বিভিন্নভাবে চেষ্টা করেও বাড়িটি সাবেক এমপি মকবুল হোসেনের কাছে থেকে ছাড়াতে পারেননি। তারপরেই বাড়িটি দখল নিয়ে সংবাদ প্রকাশ করে মেহেরপুর প্রতিদিন। মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশ করার পর বিষয়টি জানাজানি হলে তিন মাস পর তিনি ওই বাড়িটি ছেড়ে দেন। পরিত্যক্ত ওই বাড়িটি ৭লাখ টাকা খরচ করে সংস্কার করেছেন বাড়ির মালিক জিনারুল ইসলাম। এ অবস্থায় হয়রানীমূলক মামলা থেকে আসামিরা অব্যাহতি পাওয়ার দাবি রাখে। বিষয়টি আদালতে উপস্থাপন করা হলে বিজ্ঞ বিচারক মামলা উভয় পক্ষের যুক্তিতর্ক উপস্থাপন শোনেন এবং মামলার নথি পর্যবেক্ষণ করে ডিসচার্জের আদেশ দেন।

যে সংবাদ প্রকাশ করার কারণে মামলা হয়েছিলো। সেই সংবাদটি পড়তে ক্লিক করুন গাংনীর-সাবেক-এমপি-মকবুলে

ঝিনাইদহে দৈনিক আমার সংবাদের ৯ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে দৈনিক আমার সংবাদের ৯ম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। শনিবার সকাল ১১টায় ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে পত্রিকাটির ১০বছরে পদার্পণ উপলক্ষে বর্ণাঢ্য র্যালী, আলোচনা সভা ও কেক কাটা হয়।

ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ সেলিম রেজা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.আব্দুর রশীদ।